CIPRB

সেইফগার্ডিং পলিসি

সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি)
বাড়ি-বি/১২০, রোড-৭, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬

Md. Mazharul Hoque
Prof. Dr. Md. Mazharul Hoque
President
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)

Dr. Salim Mahmud Chowdhury PhD
General Secretary
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)

সম্পাদকমন্ডলী

অধ্যাপক ড. এ কে এম ফজলুর রহমান পিএইচডি

ড. আমিনুর রহমান পিএইচডি

ড. সাইদুর রহমান মাশরেকী পিএইচডি

প্রথম সংস্করণঃ জুলাই ২০২০

দ্বিতীয় সংস্করণঃ অক্টোবর ২০২২

অনুবাদক

সংগীতা বড়ুয়া

প্রকাশনায়

সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি)

বাড়ি-বি/১২০, রোড-৭, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা - ১২০৬

সহযোগিতায়

দি রয়েল ন্যাশনাল লাইফবোট ইন্সটিটিউশন, ইউকে

চাইল্ড হোপ, ইউকে

Md. Mazharul Hoque

Prof. Dr. Md. Mazharul **Hoque**
President
Centre for Injury Prev**ention** and
Research, Bangladesh (CIPRB)

Dr. Salim Mahmud Chowdhury PhD
General Secretary
Centre for Injury Prevention and
Research, Bangladesh (CIPRB)

সূচিপত্র

ক্রমিক নম্বর	সূচি	পৃষ্ঠা নম্বর
১	সিআইপিআরবি পরিচিতি	৩
	সেইফগার্ডিং পলিসি	৩
	মূল্যবোধ ও নৈতিক বিধিবিধান	৭
২	আচরণবিধি	৯
৩	সেইফগার্ডিং রিপোর্টিং, প্রমাণাদি সংরক্ষণ ও ফলো-আপ	১৩
৪	কর্মী নিয়োগ, কাজ শুরু ও সক্ষমতা উন্নয়ন	২০
৫	যোগাযোগ	২০
৬	শিশুদের সেইফগার্ডিং দৃষ্টিকোণ থেকে পুষ্টি, স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্য (মানসিক স্বাস্থ্যসহ)	২১
৭	অন্তর্ভুক্তি এবং শিশুর অংশগ্রহণ	২৩
৮	শিশুদের জন্য সুরক্ষা সেবা বিস্তৃতকরণ- সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সহযোগিতা তৈরি	২৪
	সংযুক্তি:	২৫
	সংযুক্তি ১: শিশুদের ঝুঁকি মোকাবেলা এবং ঝুঁকি প্রতিরোধের ম্যাট্রিক্স	২৬
	সংযুক্তি ২: ঝুঁকি মোকাবেলার ক্ষেত্রে নির্ধারিত বিধিমালা	৩৫
	সংযুক্তি ৩: ছবি এবং সংগৃহীত তথ্য ব্যবহারের সম্মতি পত্র	৪০
	সংযুক্তি ৪: শিশু এবং বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সেইফগার্ডিং বিষয়ক অঙ্গীকারনামা	৪১
	সংযুক্তি ৫: জাতীয় আইন ও নীতিমালাসমূহ	৪২
	সংযুক্তি ৬: কর্মী নিয়োগ এবং সক্ষমতা উন্নয়ন	৪৩
	সংযুক্তি ৭: যোগাযোগ	৪৪
	সংযুক্তি ৮: জরুরি সেবা সহায়তাদানকারী সংস্থার তালিকা	৪৭

Md Mazharul Hoque
Prof. Dr. Md. Mazharul Hoque
President
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)

Dr. Salim Mahmud Chowdhury PhD
General Secretary
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)

১. *সিআইপিআরবি পরিচিতি*

সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি) হচ্ছে ইনজুরি প্রতিরোধের ক্ষেত্রে বিশ্বে নেতৃত্ব দানকারী বাংলাদেশের একটি সংস্থা যেটি ২০০৫ সাল থেকে কাজ করে যাচ্ছে। সিআইপিআরবি তার বিভিন্ন গবেষণা এবং উদ্ভাবনী কর্মকান্ডের মাধ্যমে সারাদেশে গুণগত মানসম্পন্ন বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে যা মূলতঃ ইনজুরিজনিত মৃত্যু ও অসুস্থতার বিরুদ্ধে প্রতিরোধমূলক ও জীবন রক্ষা বিষয়ক কার্যক্রম।

সিআইপিআরবি-র লক্ষ্য (ভিশন)ঃ সকলের জন্য ইনজুরিমুক্ত নিরাপদ, মর্যাদাপূর্ণ, সুস্থ জীবন নিশ্চিত করা যাতে তারা কর্মক্ষম জনগোষ্ঠী হিসাবে সমাজে ইতিবাচক ভূমিকা পালন করতে পারে।

সিআইপিআরবি-র উদ্দেশ্য (মিশন)ঃ জ্ঞান ও দক্ষতা বিনিময়, বিশ্বাসযোগ্য প্রামাণিক দলিল (এভিডেন্স) তৈরি, সেবা সহায়তা, প্রযুক্তি ব্যবহার ও অধিপরামর্শের (অ্যাডভোকেসি) মাধ্যমে সকলের সুস্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা।

সংস্থা হিসেবে সিআইপিআরবি-র প্রত্যাশা হচ্ছে, এর সকল কাজে এবং জনগণের সাথে সম্পৃক্ততার ক্ষেত্রে সর্বোত্তম মানসম্মত নীতি এবং পেশাগত আচরণ বজায় রাখা। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ সংস্থাটিকে শিশু, বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং বৃহৎ পরিসরে কমিউনিটির সংস্পর্শে এসে কাজ করতে হয়। বিভিন্ন কর্মসূচির জন্য সংস্থা উচ্চ মানসম্পন্ন ঝুঁকি মূল্যায়ণপত্র তৈরি করেছে যাতে শিশু ও অন্যান্য সুবিধাভোগীদের জন্য নিরাপদ এবং যথোপযুক্ত পরিবেশ নিশ্চিত করা যায়। এসব বিষয়াদি সংস্থার বিভিন্ন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (এসওপি)-এ উল্লেখিত রয়েছে।

সিআইপিআরবি দৃঢ়ভাবে বিশ্বাস করে-

- শিশু এবং বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের কল্যাণসাধন হচ্ছে একটি অন্যতম প্রধান বিষয়।
- লিঙ্গ, বয়স, বর্ণ, জাতি, প্রতিবন্ধিতা, যৌন আচরণগত বৈশিষ্ট্য কিংবা ধর্মবিশ্বাস নির্বিশেষে সকল শিশু ও বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তির যেকোনো ধরনের নির্যাতন থেকে নিজেকে সুরক্ষিত রাখার অধিকার রয়েছে।
- সকলের প্রতি সমান আচরণ করা এবং প্রয়োজনীয় সেবা সহায়তা নিশ্চিত করা যাতে তারা কোনো প্রকার বৈষম্য ব্যতিরেকে নিজেদের চাহিদা পুরণ করতে পারে।
- শিশু ও বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সব ধরনের ক্ষতি, নির্যাতন, অবহেলা এবং অন্যায় আচরণ থেকে সুরক্ষা ও নিরাপত্তা প্রদানের লক্ষ্যে যথোপযুক্ত ও ইতিবাচক ব্যবস্থা গ্রহণ করা এবং এ ব্যাপারে সিআইপিআরবি বদ্ধপরিকর।

সেইফগার্ডিং পলিসি

সিআইপিআরবি-র সেইফগার্ডিং পলিসি শিশু, বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং সংস্থার কাজের সাথে সম্পৃক্ত সকল মহলের সাথে সম্পর্কযুক্ত। সব ধরনের নির্যাতন বিশেষ করে যৌন নির্যাতন, যৌন হয়রানি, নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে অপব্যবহার ইত্যাদিসহ সব ধরনের বৈষম্য সৃষ্টির ক্ষেত্রে সংস্থা শূণ্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি প্রদর্শন করবে। সংস্থা কোনোভাবেই তার কোনো কর্মী, অংশীদার কিংবা সংস্থার কোনো সহযোগী কর্তৃক কোনো প্রকার নির্যাতনমূলক আচরণ বা অন্যায় আচরণ মেনে নিবে না।

সেইফগার্ডিং পলিসিটি মূলতঃ শিশুদের সুরক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হলেও কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির ক্ষেত্রেও তার বিপদাপন্নতা ও ক্ষতির মাত্রা বিবেচনায় পলিসির নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করা হবে।

সিআইপিআরবি নিশ্চিত করবে যে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে শিশু ও বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সংস্পর্শে আসা প্রত্যেক ব্যক্তি তাদের সুরক্ষার প্রয়োজনীয়তার বিষয়টি মাথায় রাখবেন এবং 'কোনোপ্রকার ক্ষতি করা যাবে না' এই মূল নির্দেশনাটির আলোকে কার্যকর উপায়ে কিভাবে সুরক্ষা প্রদান করতে হবে তা জানবেন।

Prof. Dr. Md. Mazharul Hoque
President
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)

Dr. Salim Mahmud Chowdhury PhD
General Secretary
Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)